# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ তালবিয়্যাহ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

তালবিয়্যাহ

لَبَّيْكَ اللّهُمَّ لَبَّيْك، لَبَّيْكَ، لاَشَرِيكَ لَكَ لَبَّيك إِنَّ الْحَمْدَ وَالنِّعْمَةَ لَكَ وَالْمُلْكَ، لاَشَرِيكَ لَكَ

উচ্চারণঃ লাব্বাইকাল্লাম্মা লাব্বাইক, লাব্বাইকা লা শারীকা লাকা লাব্বাইক, ইন্নাল হামদা অননি'মাতা লাকা অলমুল্‌ক, লা শারীকা লাক।

অর্থঃ আমি হাজীর, হে আল্লাহ! আমি তোমার নিকট হাজির, তোমার কোন শরীক নেই। আমি তোমার নিকট হাজির। নিশ্চয় সমস্ত প্রশংসা, সম্পদ ও রাজত্ব তোমার জন্য, তোমার কোন অংশী নেই।।

এর উপর অতিরিক্ত করে নিম্নের দুআও যোগ করা যায়।

لَبَّيْكَ ذَا الْمَعارِجِ لَبَّيْكَ ذَا الْفَوَاضِلِ

উচ্চারণঃ লাব্বাইকা যাল মাআরিজ, লাব্বাইকা যাল ফাওয়া-যিল্ল।

অর্থঃ তোমার নিকট হাজির হে সোপানশ্রেণীর অধিকর্তা! তোমার নিকট হাজির হে অনুগ্রহ সমূহের অধিপতি!

لَبَّيْكَ وَسَعْدَيْكَ وَالْخَيْرُ بِيدَيْكَ وَالرَّغْبَاءُ إِلَيْكَ وَالْعَمَلُ

উচ্চারণঃ লাব্বাইকা অসা'দাইক, অলখাইরু বিয়্যাদাইক, অররাগবা-উ ইলাইকা অলআমাল।

অর্থঃ তোমার দরবারে হাজির ও তোমার আনুগত্যে উপস্থিত। সমস্ত মঙ্গল তোমার হাতে এবং ইচ্ছা ও কর্ম তোমারই প্রতি। (ঐ ১৬ পৃঃ)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11716

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন